

## 💵 মুয়াত্তা মালিক

হাদিস নাম্বারঃ ১৪৪৪

৩৬. বিচার সম্পর্কিত অধ্যায় (كتاب الأقضية)

পরিচ্ছেদঃ ২১. সন্তানকে তাহার পিতার সাথে সংযোগ করা

# بَابِ الْقَصَاءِ بِإِلْحَاقِ الْوَلَدِ بِأَبِيهِ

#### আরবী

وَحَدَّثِنِي مَالِك عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ سُلَيْمَانَ بْنِ يَسَارٍ أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ كَانَ يُلِيطُ أَوْلَادَ الْجَاهِلِيَّةِ بِمَنْ ادَّعَاهُمْ فِي الْإِسْلَامِ فَأَتَى رَجُلَانِ كِلَاهُمَا يَدَّعِي وَلَدَ امْرَأَةٍ فَدَعَا عُمَرُ بْنُ الْخَطَّابِ قَائِفًا فَنَظَرَ إِلَيْهِمَا فَقَالَ الْقَائِفُ لَقَدْ اشْتَرَكَا فِيهِ فَصْرَبَهُ عُمَرُ بْنُ الْخَطَّابِ بْنُ الْخَطَّابِ بِنُ الْخَطَّابِ قَائِفًا فَنَظَرَ إِلَيْهِمَا فَقَالَ الْقَائِفُ لَقَدْ اشْتَرَكَا فِيهِ فَصْرَبَهُ عُمَرُ بْنُ الْخَطَّابِ بِالدِّرَّةِ ثُمَّ دَعَا الْمَرْأَةَ فَقَالَ أَخْبِرِينِي خَبَرَكِ فَقَالَتْ كَانَ هَذَا لِأَحْدِ الرَّجُلَيْنِ يَأْتِينِي وَهِيَ بِالدِّرَّةِ ثُمَّ دَعَا الْمَرْأَةَ فَقَالَ أَخْبِرِينِي خَبَرَكِ فَقَالَتْ كَانَ هَذَا لِأَحْدِ الرَّجُلَيْنِ يَأْتِينِي وَهِيَ بِالدِّرَّةِ ثُمَّ دَعَا الْمَرْأَةَ فَقَالَ أَخْبِرِينِي خَبَرَكِ فَقَالَتْ كَانَ هَذَا لِأَحْدِ الرَّجُلَيْنِ يَأْتِينِي وَهِيَ بِالدِّرَّةِ ثُمَّ دَعَا الْمَرْأَةَ فَقَالَ أَخْبِرِينِي خَبَرَكِ فَقَالَتْ كَانَ هَذَا لِأَحْدِ الرَّجُلِينِ يَأْتِينِي وَهِيَ إِبِلِ لِأَهْلِهَا فَلَا يُفَارِقُهَا حَتَّى يَظُنَّ وَتَظُنَّ أَنَّهُ قَدْ اسْتَمَرَّ بِهَا حَبَلُ ثُمَّ انْصَرَفَ عَنْهَا فَيَا إِبِلِ لِأَهْلِهَا فَلَا يُفَارِقُهَا حَتَّى يَظُنَّ وَتَطُنَّ أَنَّهُ قَدْ اسْتَمَرَّ بِهَا حَبَلُ ثُمَّ الْفَالِ فَكَبَرَفَ عَلْهُ لَا أَدْرِي مِنْ أَيِّهِمَا هُوَ قَالَ فَكَبَّرَ الْقَائِفُ فَقَالَ عُمَرُ لِلْغُلُامِ وَالِ أَيَّهُمَا شِئِتَ

#### বাংলা

রেওয়ায়ত ২২. সুলায়মান ইবন ইয়াসার (রহঃ) হইতে বর্ণিত, উমর (রাঃ) অন্ধকার যুগের সন্তানকে যদি কেহ ইসলামের যুগে দাবি করিত তবে তাহার সাথে মিলাইয়া দিতেন। একবার দুইজন লোক একটি সন্তানকে নিজের বলিয়া দাবি করে। অতঃপর উমর (রাঃ) কেয়াফাবিদকে (লক্ষণ দেখিয়া পরিচয় নির্ণয়কারী) ডাকিয়া পাঠাইলেন। কেয়াফাবিশারদ সন্তানকে দেখিয়া বলিল, সন্তান দুইজনেরই। অতঃপর উমর (রাঃ) তাহাকে দোররা দ্বারা আঘাত করিলেন। তাহার পর সন্তানের মাতাকে ডাকাইয়া বলিলেন তোমার বৃত্তান্ত খুলিয়া বল। সে একজনের দিকে ইঙ্গিত করিয়া বলিল যে, সে আমার নিকট আসা-যাওয়া করিত এবং আমি আমার বাড়ির উটের ঘরের কাছে থাকিতাম। ঐ সময়ে সে আমার সাথে সঙ্গম করিত। অতঃপর সে যখন ধারণা করিতে পারিল যে, আমি গর্ভবতী হইয়াছি তখন সে আর কাছে আসিত না, আর আমার রক্তস্রাব দেখা যাইত। তারপর এই দ্বিতীয়জন তাহার পর আমার নিকট আসিল। সেও আমার সহিত সঙ্গম করিল। এখন আমি জানি না, এই সন্তান দুইজনের মধ্য হইতে কাহার। ইহা শুনিয়া কেয়াফাবিদ খুশিতে আল্লান্থ আকবর (আল্লাহ্ মহান) বলিয়া উঠিল। অতঃপর উমর (রাঃ) সন্তানকে বলিলেন, যাহার সাথে খুশি তুমি যাইতে পার।



### **English**

Malik related to me from Yahya ibn Said from Sulayman ibn Yasar that Umar ibn al-Khattab used to attach the children of the Jahiliyya to whoever claimed them in Islam. Two men came and each of them claimed a woman's child. Umar ibn al-Khattab summoned a person who scrutinized features and he looked at them. The scrutinizer said, "They both share in him." Umar ibn al-Khattab hit him with a whip. Then he summoned the woman, and said, "Tell me your tale." She said, "It was this one (indicating one of the two men) who used to come to me while I was with my people's camels. He did not leave me until he thought and I thought that I was pregnant. Then he left me, and blood flowed from me, and this other one took his place. I do not know from which of them the child is." The scrutinizer said, "Allah is greater." Umar said to the child, "Go to whichever of them you wish."

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ সুলাইমান ইবনু ইয়াসার (রহঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন